



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ই মেইল dgmsme@krishibank.org.bd:
ফোনঃ ০২২২৩৩৮৮৯৯, ০২২২৩৩৫৮৬৮১



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা-ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/২০২১-২০২২/ ২০৬(১২০)

তারিখঃ ১০/০৮/২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখঃ ০৫/০৮/২০২১ (কপি সংযুক্ত) এবং অত্র বিভাগের পত্র নং-১১৯০(১২০০), তারিখঃ ১২/১১/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। উক্ত সার্কুলারের মাধ্যমে Manual of Credit Guarantee Scheme এর অনুচ্ছেদ নং-৫.৩.১ এ বর্ণিত নির্দেশনার আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ (CMSE) খাতের নারী উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে PFI-সমূহকে তাদের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর ন্যূনতম ৫% (পাঁচ শতাংশ) সংরক্ষিত রাখতে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনানুযায়ী ২০২৪ সাল অন্তে সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% (পনের শতাংশ) নারী উদ্যোক্তাদেরকে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেওয়া হয়। ২০২৪ সাল অন্তে নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে “সিএমএস খাতে নারী উদ্যোক্তাদেরকে জামানতবিহীন ঋণ/বিনিয়োগ বিতরণ বৃদ্ধির আবশ্যিকতা রয়েছে। ঋণ/বিনিয়োগ গ্রহণের ক্ষেত্রে নারী উদ্যোক্তাগণের সহায়ক জামানত প্রদানে সক্ষমতা অপেক্ষাকৃত কম থাকায় ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় তাঁদেরকে ঋণ/বিনিয়োগ প্রদান করা হলে উপরে বর্ণিত কাজিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভবপর হবে।

০৪। বর্ণিত বিষয়বলী বিবেচনায়, এখন হতে সিএমএস খাতে নারী উদ্যোক্তাদেরকে জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রদান বৃদ্ধির লক্ষ্যে PFI-সমূহকে তাদের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর ন্যূনতম ১০% (দশ শতাংশ) নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা হলো।

০৫। এমতাবস্থায়, নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনে উক্ত সার্কুলার লেটারের নির্দেশনা যথাযথ ভাবে অনুসরণ করা জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল হোসেন)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা-ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২১-২০২২/ ২০৬(১২০০)

তারিখঃ ১০/০৮/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

এসএমই এন্ড স্পেশাল প্রোথ্রামস্ ডিপার্টমেন্ট
সিজিএস ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এসএমইএসপিডি সার্কুলার নং-০৭

তারিখঃ ২১ শ্রাবণ, ১৪২৮
০৫ আগষ্ট, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীমের নীতিমালা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০৫, তারিখ: মে ০৯, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. উক্ত সার্কুলারের মাধ্যমে Manual of Credit Guarantee Scheme এর অনুচ্ছেদ নং-5.3.1 এ বর্ণিত নির্দেশনার আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ (CMSE) খাতের নারী উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে PFI-সমূহকে তাদের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর ন্যূনতম ৫% (পাঁচ শতাংশ) সংরক্ষিত রাখতে নির্দেশনা প্রদান করা হয়।

০৩. এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনানুযায়ী ২০২৪ সাল অন্তে সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% (পনের শতাংশ) নারী উদ্যোক্তাদেরকে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেওয়া হয়। ২০২৪ সাল অন্তে নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে সিএমএস খাতে নারী উদ্যোক্তাদেরকে জামানতবিহীন ঋণ/বিনিয়োগ বিতরণ বৃদ্ধির আবশ্যিকতা রয়েছে। ঋণ/বিনিয়োগ গ্রহণের ক্ষেত্রে নারী উদ্যোক্তাগণের সহায়ক জামানত প্রদানে সক্ষমতা অপেক্ষাকৃত কম থাকায় ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় তাঁদেরকে ঋণ/বিনিয়োগ প্রদান করা হলে উপরে বর্ণিত কাস্থিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভবপর হবে।

০৪. বর্ণিত বিষয়াবলী বিবেচনায়, এখন হতে সিএমএস খাতে নারী উদ্যোক্তাদেরকে জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রদান বৃদ্ধির লক্ষ্যে PFI-সমূহকে তাদের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর ন্যূনতম ১০% (দশ শতাংশ) নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা হলো।

০৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিণ্যমে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(এসএম মোহসীন হোসেন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২২১